**তারিখঃ**09/01/2015

## রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক আজ তার ওয়েবসাইটে আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল থেকে আর্থিক সহায়তা প্রার্থী প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহ-এর জন্য নিবন্ধীকরণের মাপকাঠি-সমন্বিত নির্দেশিকা

রিজার্ভ ব্যাঙ্ক আজ তার ওয়েবসাইটে আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল থেকে আর্থিক সহায়তা মঞ্জুরির জন্য প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহ-এর উদ্দেশ্যে নিবন্ধীকরণের মাপকাঠি-সমন্বিত নির্দেশিকা প্রকাশ করল।

**গুরুত্বপূর্ণ তথ্যাদি**

**উদ্দেশ্য এবং পরিধিঃ** ব্যাঙ্ক আমানতকারীগণের শিক্ষা ও সচেতনতা প্রসার সম্পর্কিত বিবিধ কর্মকান্ডে ব্রতী হওয়ার লক্ষ্যে প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহ-কে আর্থিক সহায়তা মঞ্জুরি।

**যোগ্য সংস্থাঃ** সেইসব অলাভজনক প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহ, যেমন পাবলিক চ্যারিটেবল ট্রাস্ট, কর্পোরেট,বিশ্ববিদ্যালয় ইত্যাদি সহায়তার জন্য বিবেচিত হতে পারে যারা ইতিমধ্যে ব্যাঙ্ক আমানতকারীগণের শিক্ষা ও সচেতনতা প্রসার সম্পর্কিত কর্মকান্ডে ব্রতী অথবা আমানতকারীগণের শিক্ষামূলক কার্যক্রম, সেমিনার, সিমপোজিয়াম ইত্যাদির ব্যবস্থাপনা, গবেষণাধর্মী কার্যক্রম-এ অংশগ্রহণ করেছে ।

**আবেদনের পদ্ধতিঃ** নির্দেশাবলীর সঙ্গে সংযুক্ত অংশে প্রদত্ত ফর্মাটে আবেদনপত্রে উল্লেখিত নথি-র তালিকা অনুসারে প্রয়োজনীয় নথি/তথ্য-সহ সংস্থাসমূহ মূখ্য মহাপ্রবন্ধক, ডিপার্টমেন্ট অফ নন-ব্যাঙ্কিং রেগুলেশন, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, কেন্দ্রীয় কার্যালয়, 12 তল, সেন্ট্রাল অফিস বিল্ডিং, শহিদ ভগত সিং রোড, মুম্বই-400001 -এর নিকট আবেদন করতে পারে। প্রথম দফায়, **ফেব্রুয়ারি 27, 2015** তারিখ কাজ বন্ধ হওয়া পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

**পটভূমি**

ব্যাঙ্কিং ল'স (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, 2012-এর সংশোধন অনুসারে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-তে 26এ ধারা অন্তর্ভুক্ত করা হয়েছে যার বলে রিজার্ভ ব্যাঙ্ককে আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল বা ডিপোজিটর এডুকেশন এন্ড অ্যাওয়ারনেস ফান্ড (ফান্ড) নামে একটি তহবিল গঠন করার ক্ষমতা প্রদত্ত হয়েছে। তদনুসারে জনসাধারণের সঙ্গে আলোচনার উদ্দেশ্যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জানুয়ারি 21, 2014 তারিখে ডিপোজিটর এডুকেশন এন্ড অ্যাওয়ারনেস স্কিম-র খসড়া তাদের ওয়েবসাইটে প্রকাশ করে। খসড়া মাপকাঠির উপর করা মন্তব্য ও পরামর্শের ভিত্তিতে, যোজনাটি প্রনয়ন করা হয় এবং মে 24, 2014 তারিখে অফিসিয়াল গেজেট-এ বিজ্ঞাপিত হয়। যোজনাটির লক্ষ্য প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহের নিবন্ধীকরণ এবং আমানতকারী-স্বার্থরক্ষা প্রসারে তাদের আর্থিক সহায়তা মঞ্জুরি। তদনুসারে, জনসাধারণের পর্যালোচনার উদ্দেশ্যে যোজনাটি থেকে আর্থিক সহায়তা মঞ্জুরির জন্য প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহের নিবন্ধীকরণের খসড়া শর্তাবলী প্রনয়ন করা হয় এবং অক্টোবর 28, 2014 তারিখে জনসাধারণের মন্তব্যের জন্য প্রকাশিত হয়। মাপকাঠির খসড়ার উপর গৃহিত মন্তব্য ও পরামর্শের ভিত্তিতে, তহবিলটি থেকে আর্থিক সহায়তা মঞ্জুরির জন্য প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহের নিবন্ধীকরণের নির্দেশাবলী চূড়ান্ত করা হয়।

**অল্পনা কিল্লাওয়ালা**
প্রধান মূখ্য মহাপ্রবন্ধক

**প্রেস বিজ্ঞপ্তিঃ 2014-2015/1453**

**আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল বা ডিপোজিটর এডুকেশন এন্ড অ্যাওয়ারনেস ফান্ড (ফান্ড) থেকে আর্থিক সহায়তা মঞ্জুরির জন্য প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহ-এর উদ্দেশ্যে নিবন্ধীকরণের মাপকাঠি-সমন্বিত নির্দেশিকা**

**I. পটভূমি**

ব্যাঙ্কিং ল'স (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, 2012-এর সংশোধন অনুসারে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-তে ধারা 26এ অন্তর্ভুক্ত করা হয়েছে যার বলে রিজার্ভ ব্যাঙ্ক ডিপোজিটর এডুকেশন এন্ড অ্যাওয়ারনেস ফান্ড (ফান্ড) নামে একটি তহবিল গঠন করার ক্ষমতা প্রাপ্ত হয়েছে। তদনুসারে জনসাধারণের সঙ্গে আলোচনার উদ্দেশ্যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক তাদের ওয়েবসাইটে জানুয়ারি 21, 2014 তারিখে খসড়া ডিপোজিটর এডুকেশন এন্ড অ্যাওয়ারনেস স্কিম প্রকাশ করে। খসড়া শর্তাবলীর উপর করা মন্তব্য ও পরামর্শের ভিত্তিতে, ডিপোজিটর এডুকেশন এন্ড অ্যাওয়ারনেস স্কিম (স্কিম) প্রনয়ন করা হয় এবং মে 24, 2014 তারিখে অফিসিয়াল গেজেট-এ বিজ্ঞাপিত হয়।

2. তহবিলটি গঠন করা হয়েছে এবং যোজনাটির অনুচ্ছেদ অনুসারে সকল ব্যাঙ্ককে (তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক যার মধ্যে অন্তর্ভুক্ত আছে আঞ্চলিক গ্রামীন ব্যাঙ্ক এবং লোকাল এরিয়া ব্যাঙ্ক/শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক/রাজ্য সমবায় ব্যাঙ্ক/জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক) পরামর্শ দেওয়া হয়েছে যেভাবে যোজনাটির 3(vii) অনুচ্ছেদে নির্দেশিত রয়েছে, সেভাবে (ফান্ড) তহবিলটিতে স্থানান্তরিত করতে ইন-অপারেটিভ ডিপোজিট অ্যাকাউন্টগুলিকে - যেগুলি দশ বছর বা তার বেশী সময়কাল যাবৎ দাবি বা ব্যবহার করা হয় নি অথবা কোনও জমা-রাশিকে যা 10 বছরের উপর বেশী সময় যাবৎ দাবিহীন। প্রত্যেক ক্যালেন্ডার মাসে প্রাপ্য জমা-রাশিসমূহ (অর্থাৎ দশ বছর বা তার বেশী সময়কাল যাবৎ অব্যবহৃত আমানতসমূহ থেকে প্রাপ্ত আয় এবং দাবিহীন ব্যালানস) এবং সেগুলি থেকে বৃদ্ধিপ্রাপ্ত সুদ-রাশিকে, ব্যাঙ্কগুলি ফান্ডে স্থানান্তর করবে পরবর্তী মাসের শেষ কাজের দিন।

3. সময় সময় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নির্দিষ্ট খাতে তহবিলটির সদব্যবহার করা হবে, আমানতকারী-স্বার্থরক্ষা প্রসারে এবং সেরকম অন্যান্য উদ্দেশ্যে যেগুলি আমানতকারী-স্বার্থরক্ষা প্রসারে প্রয়োজনীয় হতে পারে। যদিও আমানতকারী ব্যাঙ্কের কাছে দশ বছর পেরিয়ে যাওয়ার পর, এমনকি দাবিহীন আমানত-তহবিলসমূহ (ফান্ড) তহবিলটিতে স্থানান্তরিত হবার পরও, তাঁর জমা-রাশি দাবি করার অথবা তাঁর আমানত ব্যবহার করার অধিকারী থাকবে।ব্যাঙ্ক জমা-রাশি পরিশোধ করার এবং সেই রাশি তহবিলটি ফেরতের দাবি রাখতে দায়বদ্ধ থাকবে।

4. যোজনাটির 8(i) অনুচ্ছেদ অনুসারে যোজনাটি অনুসরণ করে তহবিলটি পরিচালনা ও নিয়ন্ত্রণ করার জন্য একটি কমিটি গঠন করা প্রয়োজন। যোজনাটির 11(i) অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে যে, আমানতকারী-স্বার্থরক্ষা প্রসারে কমিটি-টি সময়ে সময়ে বিভিন্ন প্রতিষ্ঠান, সংগঠন অথবা সমিতিকে নিবন্ধীকরণ/ স্বীকৃতি দিতে পারে যারা ব্যাঙ্ক আমানতকারীগণের শিক্ষা ও সচেতনতা প্রসার সম্পর্কিত কর্মকান্ডে ব্রতী এবং এর মধ্যে তারাও অন্তর্ভুক্ত থাকবে যারা ব্যাঙ্ক আমানতকারীগণের শিক্ষামূলক কার্যক্রম, আমানতকারীদের জন্য সেমিনার, সিমপোজিয়াম ইত্যাদির ব্যবস্থা করতে এবং এইসব ক্ষেত্রের সঙ্গে সম্পর্কযুক্ত প্রকল্প ও গবেষণাকার্য হাতে নিতে আগ্রহী। এব্যতীত, যোজনাটির 11(iii) অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে যে, কমিটি-টি প্রতিষ্ঠান, সংস্থা এবং সমিতিসমূহ-কে আর্থিক সহায়তা মঞ্জুর করার শর্তাবলী নির্ধারণ ও নিরূপন করবে। তদনুসারে যোজনাটির অধীন তহবিল থেকে আর্থিক সহায়তা মঞ্জুর করার জন্য প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহের নিবন্ধীকরণের খসড়া শর্তাবলী প্রনয়ন করা হয় এবং অক্টোবর 28, 2014 তারিখে জনসাধারণের মতামতের উদ্দেশ্যে

প্রকাশিত হয়। খসড়া শর্তাবলীর উপর গৃহীত মন্তব্য ও পরামর্শের ভিত্তিতে, (ফান্ড) তহবিলটি থেকে আর্থিক সহায়তা মঞ্জুরির জন্য প্রতিষ্ঠান, সংগঠন এবং সমিতিসমূহের নিবন্ধীকরণের জন্য নিম্নে বর্ণিত নির্দেশাবলী চূড়ান্ত করা হল।

**II. নির্দেশাবলী**

**1. নিবন্ধীকরণ-যোগ্য সংস্থা**

এ. নিম্নলিখিত সংস্থাসমূহ নিবন্ধীকরণের জন্য বিবেচিত হতে পারে
সেইসব অলাভজনক প্রতিষ্ঠান/সংগঠন/সমিতি, সহায়তার জন্য বিবেচিত হতে পারে যারা ইতিমধ্যে ব্যাঙ্ক আমানতকারীগণের শিক্ষা ও সচেতনতা প্রসার সম্পর্কিত কর্মকান্ডে ব্রতী অথবা আমানতকারীগণের শিক্ষামূলক কার্যক্রম, সেমিনার, সিমপোজিয়াম ইত্যাদির ব্যবস্থাপনা, গবেষণাধর্মী কার্যক্রম-এ অংশগ্রহণ করতে ইচ্ছুক।

বি. সেইসব প্রতিষ্ঠান/সংগঠন/সমিতি বিবেচনা-যোগ্য হতে পারে যারা

(এ) পাবলিক চ্যারিটেবল ট্রাস্ট হিসাবে গঠিত
(বি) সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট, 1860 (1860-এর 21) অথবা ওই আইনটির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ভারতবর্ষের কোনও অংশে বলবৎ যেকোনও আইন-এর দ্বারা নিবন্ধীকৃত;
(সি) স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্টসমূহ দ্বারা নিবন্ধীকৃত
(ডি) কোম্পানিজ অ্যাক্ট,1956 (1956-এর 1)-এর ধারা 25 অথবা কোম্পানিজ অ্যাক্ট, 2013 (2013-এর 8 )-এর ধারা 8 দ্বারা নিবন্ধীকৃত;
(ই) আইনসঙ্গতভাবে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়;
(এফ) সরকার বা আইনসঙ্গতভাবে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় দ্বারা স্বীকৃত অথবা আইনসঙ্গতভাবে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়-এর অন্তর্ভুক্ত অন্য কোনও শিক্ষাপ্রতিষ্ঠান
(জি) অন্য কোনও শিক্ষাপ্রতিষ্ঠান যা সম্পূর্ণরূপে বা আংশিকরূপে সরকার অথবা স্থানীয় কতৃপক্ষ দ্বারা সহায়তাপ্রাপ্ত, অথবা
(এইচ) রাষ্ট্রের সৈন্যবাহিনী দ্বারা বাহিনীর প্রাক্তন অথবা বর্তমান সদস্যগণ বা তাঁদের উপর নির্ভরশীল ব্যক্তিবর্গের কল্যানার্থে প্রতিষ্ঠিত রেজিমেন্টাল ফান্ড বা নন-পাবলিক ফান্ড।

**2. উদ্দেশ্য**

ব্যাঙ্ক আমানতকারীদের শিক্ষা এবং সচেতনতা বাড়াতে অথবা আমানতকারীদের শিক্ষা কার্যসূচি অথবা গবেষণামূলক কার্যকলাপ সমেত আমানতকারীদের শিক্ষা কার্যসূচি, সেমিনার, সিম্পোজিয়া ইত্যাদি আয়োজন করা সম্পর্কিত কার্যক্রম গ্রহণ করার জন্য প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলিকে আর্থিক সহায়তা দেওয়া

3. **উপযুক্ত সংস্থাদ্বারা পূরণীয় শর্তাবলি**

এ. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলির নিয়ন্ত্রন এবং পরিচালনার জন্য প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলির বিধি, নিয়ম এবং অথবা আইন বা উপধারা থাকবে। নিবন্ধীকরণের শর্ত অনুযায়ী বিধি, নিয়ম এবং/অথবা আইন/উপধারা হবে। প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলি পরিচালিত হবে নিয়ন্ত্রক বোর্ড/পরিচালন সমিতি দ্বারা। অধিকন্তু, প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলির আইন অথবা উদ্দেশ্যগুলিতে তাদের আয় এবং সম্পদ "পরহিতকর উদ্দেশ্য" ছাড়া অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

বি. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলির কমপক্ষে 20 জন সদস্য থাকবে এবং তাদের অতীত কর্মকৃতির খতিয়ান হবে স্বচ্ছ। কোম্পানি আইন, 1956-এর ধারা 25-এর অধীনে অথবা কোম্পানি আইন, 2013-এর ধারা 8-এর অধীনে নিবন্ধীকৃত কোম্পানিগুলির জন্য, কমপক্ষে 20জন শেয়ার হোল্ডার/সদস্য ছাড়াও প্রয়োজন একটি বহুধা–বিভক্ত শেয়ারহোল্ডিং, কমপক্ষে 3জন নিরপেক্ষ ডিরেক্টর, ভাল কর্পোরেট নিয়ন্ত্রন এবং অডিট কমিটি। এই শর্তগুলি

প্রযোজ্য হবে আবেদনকারী কোম্পানি অথবা তার প্রোমোটার কোম্পানির স্তরেও।

সি. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলি, নিবন্ধীকরণের জন্য আবেদন করার আগে কমপক্ষে 5 বছর ধরে চালু থাকবে, যদি না এই বিষয়ে বিশেষ ছাড় দেওয়া হয়ে থাকে। এই 5 বছরর মধ্যে, সংস্থাটির উপভোক্তা সুরক্ষা/সচেতনতা-র ক্ষেত্রে বিগত 3 বছরের অতীত কর্মকৃতির খতিয়ান থাকবে।

**4. কাজের পরিধি**

আমানতকারীর শিক্ষা এবং সচেতনতা তহবিল দ্বারা যেসব কাজের জন্য আর্থিক সহায়তা দেওয়া হবে সেগুলি নিম্নরূপঃ

i. আমানতকারীদের স্বীকৃত সমিতি/এনজিও ইত্যাদির সঙ্গে গাঁটছড়া বেঁধে, তালিকাভুক্তিকরণ এবং সত্যি সত্যি অ্যাকাউন্ট খোলার জন্য সমাজের অবহেলিত অংশের মধ্যে পদ্ধতি/আনুষ্ঠানিকতা ইত্যাদি ব্যাখ্যা করে আর্থিক সাক্ষরতা, বিভিন্ন খাতে প্রাপ্ত বিভিন্ন সুবিধা সম্বন্ধে জ্ঞান বা সচেতনতা প্রসার করার জন্য প্রোগ্রাম/অনুষ্ঠান পরিচালনা করা।

ii. আমানতকারী/ আমানতকারীদের সমিতির জন্য নিরাপদ এবং সুরক্ষিত ব্যাঙ্কিং বিষয়ে আর্থিক সাক্ষরতার জ্ঞান বিতরণ করতে সেমিনার এবং সিম্পোজিয়ার আয়োজন করা।

iii. আমানতকারীদের শিক্ষা, অধিকার সচেতনতা ইত্যাদি সম্পর্কে গবেষণা এবং প্রোজেক্টের অর্থ সংস্থান করা।

iv. আমানতকারীর সচেতনতার জন্য প্রদর্শনী, সেমিনার, টাউন হলে অনুষ্ঠান, বহির্প্রসারী প্রোগ্রামে বিতরণের জন্য দ্রব্য উৎপাদন/রক্ষণ করা।

v. আর্থিক সাক্ষরতা, গ্রাহক সুরক্ষা ইত্যাদি বিষয়ে ক্রমাগত মিডিয়ায় প্রচার চালানো।

vi. অন্যান্য উপভোক্তা সুরক্ষা/সচেতনতা সম্পর্কিত প্রোগ্রাম।

উপরেরটি বিআর অ্যাক্ট, 1949-এর ধারা 26এ(4) অনুযায়ী একটি সংক্ষিপ্ত তালিকা এবং রিজার্ভ ব্যাঙ্ক এইরকম অন্যান্য কার্যকলাপ যদি মনে করে তহবিলের উদ্দেশ্যকে সময় সময় এগিয়ে নিয়ে যাবার জন্য প্রয়োজনীয়, তাহলে বিবেচনা করে দেখবে।

**5. প্রকল্প পরিকল্পনা ও আর্থিক সহায়তা**

একটি নিবন্ধীকৃত প্রতিষ্ঠান/সংগঠন/সমিতি, যাদের কাছে ব্যাঙ্ক আমানতকারীগণের শিক্ষা এবং সচেতনতা সম্বন্ধীয় কার্যকরী প্রকল্প/প্রস্তাব রয়েছে, তহবিলটি থেকে আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য হতে পারে। নিবন্ধীকৃত সংস্থাসমূহ প্রকল্প-বাবদ সম্ভাব্য ব্যয় এবং প্রয়োজনীয় আর্থিক সহায়তার পরিমাণসহ তাদের প্রস্তাবিত প্রকল্পসমূহের বিবরণ দিয়ে আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারে।

**6. অন্যান্য শর্তাবলী**

এ. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহ কোনও বিশেষ ব্যক্তি, ধর্ম, গোষ্ঠী অথবা সম্প্রদায়ের কল্যানার্থে হওয়া বাঞ্ছনীয় নয়।

বি. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহকে অঙ্গীকার করতে হবে যে তারা তহবিলটি থেকে প্রাপ্ত অর্থ রিজার্ভ ব্যাঙ্ক/ তহবিলটি দ্বারা অনুমোদিত কার্যকলাপ এবং সেইসংক্রান্ত ব্যয়ের পিছনেই সদব্যবহার করতে পারবে, অন্য কোনও উদ্দেশ্যে নয়।

সি. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহকে তহবিলটি থেকে মঞ্জুরি এবং তার ব্যয়ের পদ্ধতি সংক্রান্ত যাবতীয় হিসাবসমূহ (বুকস অ্যান্ড অ্যাকাউন্টস) তহবিলটি/রিজার্ভ ব্যাঙ্ক/রিজার্ভ ব্যাঙ্কের প্রতিনিধি-র গোচরে আনবার অঙ্গীকার করতে হবে।

ডি. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহ, যারা তহবিলটি থেকে আর্থিক সহায়তা গ্রহণ করেছে, আমানতকারী–শিক্ষা এবং সচেতনতা কার্যকলাপের পিছনে ব্যয় সংক্রান্ত একটি প্রতিবেদন (রিপোর্ট),চাটার্ড অ্যাকাউন্ট দ্বারা প্রত্যয়িত (সার্টিফায়েড), জমা দেবে।

**7. নজরদারি**

নিবন্ধীকরণের পর প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহের কার্যকলাপের উপর নজর রাখতে হবে। যদি প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহের কার্যকলাপ রিজার্ভ ব্যাঙ্ক কতৃক অনুমোদিত কার্যকলাপ-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হয়, সেক্ষেত্রে কমিটি প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিগুলিকে নিবন্ধন থেকে বহিস্কার (ডিরেজিস্টার) করে দেবে এবং এব্যাপারে কমিটি-র সিদ্ধান্তই চুড়ান্ত। মঞ্জুরি-প্রদত্ত তহবিল-এর ক্ষেত্রে, তহবিলটির ভাল বুঝে কমিটি আইনি ব্যবস্থাসহ যে ব্যবস্থা প্রয়োজন মনে করবে, যেমন এবং যখন দরকার বিবেচনা করবে, নিতে পারবে ।

**8. আবেদনের পদ্ধতি**

আবেদন সংযোজিত অংশে বিবৃত নির্দিষ্ট ফর্মাটে করতে হবে। এর সঙ্গে, আবেদনকারীদের পেশ করতে হবে প্রয়োজনীয় নথি/তথ্য যা সমর্থন করবে তাঁদের শেয়ারহোল্ডিং রীতি, সদস্যবর্গ, আর্থিক বিবরণ, শেষ পাঁচ বছরের রাজ্য/কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত অনুমোদন/মঞ্জুরি-র তালিকা ইত্যাদি, যেমনভাবে আবেদন পত্রে উল্লেখিত নথি-র তালিকা-তে রয়েছে। অন্যান্য বিবরণ সমেত নিবন্ধীকরণের আবেদন পাঠাতে হবে নিম্নলিখিত ঠিকানায়ঃ

মূখ্য মহাপ্রবন্ধক<br>
ডিপার্টমেন্ট অফ ব্যাঙ্কিং রেগুলেশন<br>
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, কেন্দ্রীয় কার্যালয়,<br>
12 তল, সেন্ট্রাল অফিস বিল্ডিং,<br>
শহিদ ভগৎ সিং রোড,<br>
মুম্বই-400001

প্রথম দফায়, **ফেব্রুয়ারি 27, 2015** তারিখ কাজ বন্ধ হওয়া পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। নিবন্ধীকরণ-কার্যের উপর অভিজ্ঞতা অর্জনের পর, নিয়মিত ভিত্তিতে আবেদন গ্রহণ করা হবে। যদিও, উক্ত নির্দেশাবলী পর্যায়কালীন পুনর্বিবেচনা এবং সংশোধন-সাপেক্ষ।

**9. কমিটি কতৃক সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি**

**এ. নিবন্ধীকরণের সময় কমিটি**

1. প্রারম্ভে আপাতদৃষ্ট (প্রাইমা ফেসি) যোগ্যতার ভিত্তিতে আবেদনগুলি বাছাই করবে এবং আবেদনগুলির উপযুক্ততা যাচাই করতে অতিরিক্ত শর্তাবলীও আরোপ করতে পারবে।
2. আবেদনকারীগণের যোগ্যতা নির্ধারণ করতে তহবিলটি থেকে সহায়তা-প্রার্থী প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহের অডিটেড অ্যাকাউন্টস ও শেষ 5 বছরের বার্ষিক প্রতিবেদন-এর (অ্যানুয়াল রিপোর্ট) হিসাব নেবে এবং এই আবেদনকারীদের অন্যান্য কার্যকলাপ যাচাই করবে।
3. আবেদনকারী নিবন্ধীকরণের জন্য যোগ্য এবং সঠিক কিনা নির্ধারণ করতে রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক কার্যালয়সহ অন্যান্য কর্তৃপক্ষের কাছে যেমন প্রয়োজন সেরকম অনুসন্ধান করতে পারবে।
4. আবেদনগুলির প্রাথমিক বাছাই-এর জন্য ভরসা করতে পারবে একটি স্ক্রীনিং কমিটির উপর, যা অন্যান্যের সঙ্গে সেইসব সদস্য নিয়েও তৈরী হতে পারে যাঁরা মূল কমিটির সদস্য নন।

**বি. কমিটি আর্থিক সহায়তা প্রদানের সময়**

1. তহবিল থেকে প্রদান-কে (রিলিজ অফ ফান্ডস) অনুমোদন দেওয়ার আগে প্রস্তাব এবং প্রস্তাবিত মঞ্জুরি এবং সহায়তা-র ব্যবহারিক প্রয়োগ (এন্ড ইউজ) পরীক্ষা করবে।
2. ইতিমধ্যে মঞ্জুরি-প্রদত্ত তহবিলের ক্ষেত্রে সেইসব প্রতিষ্ঠান/সংগঠন/সমিতিসমূহ থেকে ব্যবহারিক প্রয়োগ সম্পর্কে তথ্য তলব করতে পারবে এবং যেকোনও উপায়ে যাচাই করে দেখতে পারবে।
3. প্রস্তাবিত প্রকল্পটি যোজনাটির উদ্দেশ্য প্রসার করছে কিনা নিশ্চিন্ত হ'তে রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক কার্যালয়সহ অন্যান্য কর্তৃপক্ষের কাছে যেমন প্রয়োজন সেরকম অনুসন্ধান করতে পারবে।

**10. নিবন্ধীকরণ এবং আর্থিক সহায়তার মঞ্জুরি প্রদান**

এ. প্রতিষ্ঠান/সংগঠন/সমিতি-র নিবন্ধীকরণ ও তৎপরবর্তী তহবিল বিতরণ-কার্য সম্পাদন হবে একটি দুই-ধাপ প্রক্রিয়ার মাধ্যমে এবং এদেরকে পৃথকভাবে সম্পাদন করা বাঞ্ছনীয়। নিবন্ধীকরণের পর, প্রকল্প অনুযায়ী তহবিল বিতরন করা হবে, যা হবে একটি ভিন্ন প্রক্রিয়া।

বি. একটি প্রতিষ্ঠান/সংগঠন/সমিতি, যার কাছে আমানতকারী বিষয়ক শিক্ষা এবং সচেতনতা সম্বন্ধে একটি গ্রহণযোগ্য প্রকল্প বা প্রস্তাব রয়েছে, তহবিলটি থেকে সহায়তা পেতে পারে। যদিও, কোনও নিবন্ধীকৃত প্রতিষ্ঠান/সংগঠন/সমিতির তহবিলটি থেকে আর্থিক সহায়তা দাবি করার ক্ষেত্রে কেবলমাত্র নিবন্ধীকরণকে যোগ্যতা মানা অনুচিত।

সি. স্বচ্ছতা সুনিশ্চিত করতে, নিবন্ধীকৃত প্রতিষ্ঠান/সংগঠন/সমিতি-র নাম আরবিআই ওয়েবসাইটে প্রকাশ করা হবে।